

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৯১.১৬-০২০

তারিখ : ০৫/০৯/২০১৬খ্রিঃ

বিষয় : বেসরকারি কারিগরি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি ডাটাবেজে (Database) অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানসমূহের যথাযথভাবে এমপিও সেবা ও বেতন-ভাতা প্রদানের লক্ষ্যে ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারী, অনুমোদিত ট্রেড/স্পেশালাইজেশন, অধ্যয়নরত ছাত্র-ছাত্রী ইত্যাদি বিষয়ে তথ্যাদি দীর্ঘ মেয়াদে সংরক্ষণের জন্য অধিদপ্তরে একটি ডাটাবেজ প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে। এ লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানের নামে E-mail খোলা আবশ্যিক।

০২। ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারীদের অবসর গ্রহণ, মৃত্যুজনিত কারণ, পদত্যাগ, অপসারণ, মামলা বা দীর্ঘদিন প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকার কারণে বিভিন্ন পদ শূন্য রয়েছে অথচ তাদের নামে বেতন ভাতা বরাদ্দ করা হচ্ছে। ফলে সরকারের প্রতি অর্থবছরে প্রচুর অর্থ অপচয় হচ্ছে। উক্ত সমস্যা সমাধানের লক্ষ্যে বেতন-ভাতার সরকারি অংশ চালু/স্থগিত করণ, সঠিক বাজেট প্রণয়ন, এমপিও নির্দেশিকা হালনাগাদকরণ, একাডেমিক ও প্রশাসনিক শৃংখলা আনয়নের জন্য এ সকল তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। উক্ত তথ্যসমূহ পাওয়া গেলে মোবাইল Message এর মাধ্যমে এমপিও-র বেতনভাতা ও অন্যান্য বিষয়ে দ্রুত এবং স্বল্প সময়ের মধ্যে তথ্য আদান প্রদান করা সহজ হবে।


০৩। শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে এমপিও শাখা-কে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেছেন।

০৪। অত্র অধিদপ্তরের ওয়েব সাইট www.techedu.gov.bd এর Home Page হতে “এমপিও কারিগরি” বাটনে ক্লিক করে “অনলাইন ফরম পূরণ” বাটন থেকে অথবা Link: ns1.bdcom.com/~techedu/mpo_data/index.html এ প্রবেশ করে স্ব স্ব প্রতিষ্ঠানের সঠিক তথ্যাবলী আগামী ২০/০৯/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে Online-এ Fill up করে Submit করতে হবে, তবে Submit করার পূর্বে পূরণকৃত ফরমের ০২(দুই) কপি প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত ০১(এক) কপিতে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ অত্র অধিদপ্তরের নীচতলায় অবস্থিত “সেবা কেন্দ্রে” হাতে হাতে অথবা ডাকযোগে পৌছাতে হবে এবং অপর কপি প্রতিষ্ঠান সংরক্ষণ করবে।

০৫। নির্ধারিত সময়ে ডাটাবেজ প্রস্তুত কাজে সঠিকভাবে তথ্য প্রেরণ না করার কারণে কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা প্রাপ্তিতে কোন সমস্যা হলে কারিগরি শিক্ষা অধিদপ্তর দায়ী থাকবে না।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক :

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক

বেসরকারি কারিগরি এমপিওভুক্ত(ভোকেশনাল/বিএম/মাদ্রাসা)

শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

অনুলিপি :

✓ ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, অত্র অধিদপ্তর। (পত্রটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)